# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## Khulna University of Engineering & Technology (KUET)

## ভর্তি নির্দেশিকা

### ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামে ভর্তি

### শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬

**১। উপক্রমনিকাঃ**

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামে বিভিন্ন বিভাগে নির্ধারিত সংখ্যক আসনে শিক্ষার্থী ভর্তির জন্য ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষায় কেবলমাত্র প্রার্থীর মেধাস্থান এবং নিজস্ব পছন্দের ক্রম অনুসারে বিভাগ নির্ধারণ করা হবে। ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত প্রাথমিক কার্যক্রম অনলাইনে সম্পাদন করা হবে।

**২। আসন সংখ্যাঃ**

সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদসমূহে ১৬টি বিভাগে সর্বমোট ১০৬৫টি আসনে শিক্ষার্থী ভর্তি করা হবে। আর্কিটেকচারে ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। ১০৬৫টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫টি (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য)। প্রত্যেক বিভাগের জন্য একটি কোড নির্ধারণ করা রয়েছে। নিম্নের ছকে অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজন উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | বিভাগ/বিষয় | কোড | আসন সংখ্যা |
|---|---|---|---|
| | **সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>(Civil Engineering) | CE | ১২০ |
| ২ | আরবান এন্ড রিজিওনাল প্লানিং<br>(Urban and Regional Planning) | URP | ৬০ |
| ৩ | বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট<br>(Building Engineering and Construction Management) | BECM | ৬০ |
| ৪ | আর্কিটেকচার<br>(Architecture) | Arch | ৪০ |
| | **ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>(Electrical and Electronic Engineering) | EEE | ১২০ |
| ২ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(Computer Science and Engineering) | CSE | ১২০ |
| ৩ | ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং<br>(Electronics and Communication Engineering) | ECE | ৬০ |
| ৪ | বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং<br>(Bio-Medical Engineering) | BME | ৩০ |
| ৫ | ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(Materials Science and Engineering) | MSE | ৬০ |
| | **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং<br>(Mechanical Engineering) | ME | ১২০ |
| ২ | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং<br>(Industrial and Production Engineering) | IPE | ৬০ |
| ৩ | লেদার ইঞ্জিনিয়ারিং<br>(Leather Engineering) | LE | ৬০ |
| ৪ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>(Textile Engineering) | TE | ৬০ |
| ৫ | এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>(Energy Science and Engineering) | ESE | ৩০ |
| ৬ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং<br>(Chemical Engineering) | ChE | ৩০ |
| ৭ | মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং<br>(Mechatronics Engineering) | MTE | ৩০ |

* ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট বিভাগ হতে ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ডিগ্রী প্রদান করা হয়।

## ৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ

| | | |
|---|---|---|
| ক) | আবেদন পত্র অন-লাইনে পূরণ ও Submission শুরু | ০৩ ডিসেম্বর, ২০২৫ ইং<br>বুধবার, সকাল ১০-০০ মি. |
| খ) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ | ১৩ ডিসেম্বর, ২০২৫ ইং<br>শনিবার, রাত ১১-৫৯ মি. |
| গ) | টাকা জমা দেয়ার শেষ সময় (১ম ধাপ, আবেদনপত্র যাচাই ও বাছাই এর জন্য) | ১৪ ডিসেম্বর, ২০২৫ ইং<br>রবিবার, বিকাল ৫-০০ মি. |
| ঘ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ২০ ডিসেম্বর, ২০২৫ ইং<br>শনিবার |
| ঙ) | টাকা জমা দেয়ার শেষ সময় (২য় ধাপ, ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য) | ৩০ ডিসেম্বর, ২০২৫ ইং |
| চ) | প্রবেশপত্র ডাউনলোড শুরু | ০৫ জানুয়ারি, ২০২৬ |
| ছ) | ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ১৫ জানুয়ারী, ২০২৬ ইং, বৃহস্পতিবার<br>সকাল ৯-৩০মি. হতে দুপুর ১২-৩০মি. পর্যন্ত।<br>মুক্তহস্ত অংকন দুপুর ১২-৪৫ থেকে দুপুর ১-৪৫ ঘটিকা পর্যন্ত |
| জ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাক্রমের তালিকা প্রকাশ, বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ ঘোষণা | ০১ ফেব্রুয়ারি, ২০২৬ ইং, রবিবার |

## ৪। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বরঃ

২০২৫ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং Functional English-এর উপর ভিত্তি করে ৩ ঘন্টাব্যাপী সর্বমোট ৫০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। **উল্লেখ্য, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রামের ভর্তি পরীক্ষা একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। বিআর্ক প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রার্থীদের লিখিত পরীক্ষা ছাড়াও একই দিনে ১ ঘন্টার ১০০ নম্বরের মুক্তহস্ত অংকন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

বিষয়ভিত্তিক প্রশ্ন সংখ্যা ও নম্বরের বিন্যাস নিম্নরূপ:

| **গ্রুপ-'ক'** | | | **গ্রুপ-'খ'** | | |
|---|---|---|---|---|---|
| **বিষয়** | **প্রশ্ন সংখ্যা** | **নম্বর** | **বিষয়** | **প্রশ্ন সংখ্যা** | **নম্বর** |
| গণিত | ১৫ | ১৫০ | গণিত | ১৫ | ১৫০ |
| পদার্থবিদ্যা | ১৫ | ১৫০ | পদার্থবিদ্যা | ১৫ | ১৫০ |
| রসায়ন | ১৫ | ১৫০ | রসায়ন | ১৫ | ১৫০ |
| ইংরেজি | ৫ | ৫০ | ইংরেজি | ৫ | ৫০ |
| | মোট নম্বর= | ৫০০ | মুক্তহস্ত অংকন | ৪ | ১০০ |
| | | | | মোট নম্বর= | ৬০০ |

## ৫। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০২৫ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০২৪ ইং সালের নভেম্বরের পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে ২০২২ অথবা ২০২৩ সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়নে পৃথকভাবে কমপক্ষে জিপি ৪.০০ পেতে হবে। তবে উক্ত চার বিষয়ে মোট জিপি কমপক্ষে ১৮.০০ (আঠারো) হতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীব বিজ্ঞানে কমপক্ষে জিপি ৪.০০ থাকতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীসহ কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম B গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে পৃথক পৃথকভাবে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীব বিজ্ঞানে কমপক্ষে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

চ) কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২৪ ইং সালের উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর ক্ষেত্রে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আ লাদাভাবে কমপক্ষে ৭৫% নম্বর বা সমমানের গ্রেড পেতে হবে। সংশ্লিষ্ট প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% নম্বর বা গ্রেড পেতে হবে।

## ৬। বিদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তির যোগ্যতাঃ

The foreign students can visit the admission website for the rules and regulations. (https://www.kuet.ac.bd/program/internationalstudent)

### ৭। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ

ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে ১২,০০০ জনের প্রাথমিক তালিকা তৈরী করা হবে। ১২,০০০ তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীতে প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে ১২,০০০ তম প্রার্থীর মধ্য থেকে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। প্রার্থীকে নিজ দায়িত্বে এ সংক্রান্ত তথ্য জেনে নিতে হবে।

### ৮। ভর্তি পরীক্ষার নিয়মাবলী:

(ক) ২০২৫ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন বিষয়ে যে পাঠ্যসূচী নির্ধারিত ছিল ও ইংরেজী (Functional English) এর উপর ভিত্তি করে গ্রুপ "ক" ও গ্রুপ "খ" এর জন্য লিখিত পদ্ধতিতে এবং গ্রুপ "খ" এর স্থাপত্য বিভাগের জন্য অতিরিক্ত মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) গ্রুপ “খ” এর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের পরীক্ষা শেষ হওয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্র জমা দিবে। এরপর একই আসনে ১৫ মিনিট পরে মুক্তহস্ত অংকন দুপুর ১২:৪৫ ঘটিকায় শুরু হবে।

(গ) মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, বা অন্য যে কোন ডিজিটাল ডিভাইস, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করা যাবে না।

(ঘ) পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন বা কারো সাথে দুর্ব্যবহার করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পরে পরীক্ষার্থী হলে প্রবেশ করতে পারবে না এবং পরীক্ষা শুরু হওয়ার পর ০১ ঘন্টা অতিবাহিত না হওয়া পর্যন্ত পরীক্ষার কক্ষ ত্যাগ করতে পারবে না।

(ঙ) ভর্তি পরীক্ষার দিন প্রার্থীর HSC/সমমানের পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড ও ভর্তি পরীক্ষার ডাউনলোডকৃত প্রবেশপত্রের হার্ডকপি (Color Print) অবশ্যই সঙ্গে আনতে হবে।

(চ) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র বলপয়েন্ট কলম, পেন্সিল, ইরেজার (Eraser) ও ক্যালকুলেটর আনা যাবে। শুধুমাত্র নিম্নবর্ণিত ছকে উল্লেখিত মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, ইহা ব্যতীত অন্য কোন মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। একজন পরীক্ষার্থী সর্বোচ্চ ০২ টি ক্যালকুলেটর পরীক্ষার হলে আনতে এবং ব্যবহার করতে পারবে।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| CANON | F200 | F401 | F402 | F500 | F501 | F502 |
| | F601 | F602 | F604 | F612 | F720 | |
| CASIO | FX82 SUPER | FX82MS | | | | |
| | FX100MS | FX100 ES | FX100 ES PLUS | | | |
| | FX115MS | | | | | |
| | FX570MS | FX570ES | FX570 ES PLUS | FX570W | | |
| | FX911MS | FX911S | | | | |
| | FX991D | FX991ES | FX991 ES PLUS | FX991H | FX991MS | |
| | FX992S | FX991EX | | | | |
| SHARP | EL506L | ELS06R | EL506V | EL509G | EL509L | EL509R |
| | EL509V | EL510R | EL520G | EL520L | | |
| | EL531GH | EL531LH | EL531P | EL531RH | EL531V | EL531VB |
| | EL531VH | EL546G | EL546L | EL546R | EL546VA | |
| | EL553 | EL556G | EL556L | | | |
| TEXAS INSTRUMENTS | BA35SOLAR | BA REAL ESTATE | BAIIPLUS | | | |
| | TI 25STAT | TI 30 Challenger | TI 30X SOLAR | TI 30XA | TI 30X | TI-30XIIS |
| | TI-30XIIB | TI32 Xplorcr PLUS | TI 36 SOLAR | TI 35X | TI 34 | TI 36X |

### ৯। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ, ভর্তির যোগ্য প্রার্থী নির্বাচন ও বিভাগ বরাদ্দের নিয়মাবলীঃ

ক) ভর্তি পরীক্ষায় শুধুমাত্র লিখিত পরীক্ষায় প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে একটি পূর্নাঙ্গ মেধা তালিকা প্রকাশ করা হবে। একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পেলে সেক্ষেত্রে ভর্তি পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী বিষয়ে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে।

খ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকা থেকে মেধার ক্রমানুসারে **১০৬০ (এক হাজার ষাট) জন** ও সংরক্ষিত আসনের ৫ জন প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ের মনোনীত চিকিৎসক দ্বারা স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন হওয়া সাপেক্ষে ভর্তির জন্য নির্বাচিত করা হবে। ভর্তি পরীক্ষার ফলাফলের মেধার ভিত্তিতে প্রার্থীদের পছন্দের ক্রম অনুসারে বিভিন্ন বিভাগে ভর্তি করা হবে।

গ) ভর্তিচ্ছু প্রার্থীদের সুবিধার্থে বিভাগ পছন্দক্রম সমন্বয় করার জন্য বিভিন্ন বিভাগের জন্য মোট ১৬ (ষোল) টি ক্রম রাখা হয়েছে। ভর্তি প্রক্রিয়ার সময় নির্দিষ্ট তারিখে সরবরাহকৃত বিভাগ পছন্দক্রম ফরমে প্রার্থীর কাছ থেকে পছন্দক্রম নেয়া হবে এবং উক্ত পছন্দক্রমই চূড়ান্ত হিসেবে ধরা হবে। পরবর্তীতে এ পছন্দক্রম পরিবর্তন করার আবেদন গ্রাহ্য হবে না এবং সেই অনুযায়ী মেধা ক্রমের ভিত্তিতে বিভাগ বরাদ্দ করা হবে। প্রার্থীর যে বিভাগ সর্বাধিক পছন্দ সে ক্রমের বিপরীতে বিভাগের কোড লিখতে হবে। পরবর্তী পছন্দের ক্রমের বিপরীতে ২য় পছন্দের বিভাগের কোড লিখতে হবে। এভাবে প্রার্থীকে অবশ্যই ১৬ (ষোল) টি ক্রমের বিপরীতে পছন্দের বিভাগের কোড ভর্তির সময় লিখতে হবে।

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | | | |

**১০। ভর্তির নিয়মাবলীঃ**

ক) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে নিম্নে বর্ণিত সনদপত্র ও গ্রেড শীটের মূল কপি সত্যতা যাচাইয়ের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত তারিখে নির্দিষ্ট কমিটির নিকট দাখিল করতে হবে।

i) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র।
ii) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেড শীট ।
iii) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেড শীট ।
iv) উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মূল প্রশংসাপত্র।
v) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী/সংরক্ষিত আসনে ভর্তির জন্য অধিবাসী সনদের মূল কপি (জেলা প্রশাষক এবং রাজা বা দলনেতা কর্তৃক প্রদানকৃত সনদ)।
vi) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪টি এবং স্ট্যাম্প সাইজের ৪টি রঙিন ছবি।
vii) ভর্তির দিন সরবরাহকৃত বিভাগ পছন্দক্রমের পূরণকৃত ফরম।

খ) সনদপত্রের সত্যতা যাচাইয়ের পর বিশ্ববিদ্যালয় মনোনীত চিকিৎসক প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করবেন।

গ) সভাপতি, ভর্তি পরীক্ষা কমিটির অনুমোদনক্রমে প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে গ্রেড শীট ও সনদপত্রসমূহ অবশ্যই এক বছরের জন্য জমা রাখতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিল করা সাপেক্ষে এক বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

**১১। অনলাইনে আবেদন ফরম পূরণ ও ভর্তি পরীক্ষার ফি**

| গ্রুপ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ ব্যতীত) | ফি জমা করণের সর্বশেষ সময় |
|---|---|---|
| ‘ক’ | ৫০০ টাকা (১ম ধাপ, আবেদনপত্র যাচাই-বাছাই এর জন্য) | ১৪ ডিসেম্বর, ২০২৫ ইং, রবিবার, বিকাল ০৫.০০ ঘটিকা |
| | ৮০০ টাকা (২য় ধাপ, ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রকাশিত তালিকার প্রার্থীদের জন্য) | ৩০ ডিসেম্বর, ২০২৫ ইং, মঙ্গলবার, বিকাল ০৫.০০ ঘটিকা |
| ‘খ’ | ৫০০ টাকা (১ম ধাপ, আবেদনপত্র যাচাই-বাছাই এর জন্য) | ১৪ ডিসেম্বর, ২০২৫ ইং, রবিবার, বিকাল ০৫.০০ ঘটিকা |
| | ১,০০০ টাকা (২য় ধাপ, ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রকাশিত তালিকার প্রার্থীদের জন্য) | ৩০ ডিসেম্বর, ২০২৫ ইং, মঙ্গলবার, বিকাল ০৫.০০ ঘটিকা |

**১২। স্বাস্থ্য পরীক্ষাঃ**

বিশ্ববিদ্যালয় অনুমোদিত চিকিৎসক ভর্তি কমিটি কর্তৃক মনোনীত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষার সময় প্রত্যেক প্রার্থীকে ফি বাবদ ১০০/- (একশত টাকা) পরিশোধ করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অথবা পেশাগত জীবনে সাধারণ কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটি মনে করে তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে।

**১৩। হলের আসনঃ**

বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের যে আবাসিক সুযোগ সুবিধা আছে তাতে প্রথম বর্ষের ছাত্র/ছাত্রীদের হলের আসন দেয়ার সম্ভাবনা নেই। সেক্ষেত্রে তাদেরকে নিজ দায়িত্বে প্রতিষ্ঠানের বাইরে থাকার ব্যবস্থা করতে হবে।

**১৪। আসন সংরক্ষণঃ**

নিম্নবর্ণিত আসন ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের ভর্তি পরীক্ষায় মেধা ও পছন্দক্রম অনুযায়ী ভর্তি করা হবে।

| বান্দরবন জেলা | পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের জন্য | মোট সংরক্ষিত আসন সংখ্যা |
|---|---|---|
| ১ | ৪ | ৫ |

**১৫। অনলাইনে ভর্তির তথ্য জমা দেয়ার নিয়মঃ**

অনলাইনে ভর্তির আবেদনের জন্য নিম্নলিখিত Step সমূহ অনুসরণ করতে হবেঃ

**Step 1: অনলাইনে আবেদন ফরম পূরণ**


- ➢ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট (admission.kuet.ac.bd)-এর মাধ্যমে প্রথমে আবেদনের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে এবং আবেদনকারীর সদ্য তোলা রঙিন ছবি (আনুমানিক 300 × 350 Pixel ও স-র্বাচ্চ 75 kB সাই-জর) এবং স্বাক্ষর (আনুমানিক 300 × 80 Pixel ও সর্বোচ্চ 20 kB সাইজের) আপ-লাড কর-ত হ-ব। ছবি ও স্বাক্ষর উভয়টিই .jpg-format-এ হতে হবে। ছবির উপর কোন প্রকার লেখা বা সত্যায়ন করা যা-ব না। উ-ল্লখ্য যে, আ-বদনকারীর ছবি ও স্বাক্ষর ভর্তি পরীক্ষার হ-ল মিলি-য় দেখা হ-ব বিধায় ছবি ও স্বাক্ষরের ক্ষেত্রে কোন ধর-ণর অস্পষ্টতা বা বিকৃতি গ্রহণযোগ্য নয়।
- ➢ আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য পূরণ করে “Preview” button-এ ক্লিক করলে ছবি ও স্বাক্ষরসহ পূরণকৃত ফরমটি “Preview of Application” page-এ দেখা যাবে। এ অবস্থায় কোন তথ্য সংশোধন করার প্রয়োজন হলে “Update” button-এ ক্লিক করে edit করা যাবে।
- ➢ উপরোক্ত “Preview of Application” page-এ সকল তথ্য সঠিক হলে “Submit” button-এ ক্লিক করে আবেদনটি চূড়ান্তভাবে Submit করতে হবে।

- আবেদনটি সঠিকভাবে Submission হলে একটি ‘Confirmation’ page পাওয়া যাবে সেখানে প্রয়োজনীয় নির্দেশনাবলী থাকবে। “Receipt of Application” Download করার জন্য উক্ত Applicant’s Dashboard এ Login করতে হবে এবং “Receipt of Application”-এ ক্লিক করার পর “Receipt of Application” এর PDF ভার্সনটি পাওয়া যাবে, যা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।

## Step 2: আবেদন ফি প্রদান

আবেদন ফি যথাযথ প্রক্রিয়া (১১ নং ধারাতে প্রদেয়) অনুসরণ করে আনুষঙ্গিক সার্ভিস চার্জ (আনুমানিক ২%) সহ টাকা জমা দেয়ার জন্য **SSL payment gateway** এর মাধ্যমে সম্পন্ন করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** আবেদন প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে ১১ নং ধারাতে প্রদেয় ১ম ধাপ এর ফি জমা দেবার লক্ষ্যে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করে সম্পন্ন করতে হবে। সঠিক আবেদনকারীদের ও ১ম ধাপের টাকা জমা সম্পন্নকারীদের মধ্য হতে বাছাইয়ের পর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীরাই কেবলমাত্র ১১ নং ধারাতে উল্লিখিত ২য় ধাপের ফি [‘ক’ গ্রুপ টাকা ৮০০/- ও ‘খ’ গ্রুপ টাকা ১,০০০/- এবং সার্ভিস চার্জ (আনুমিানিক ২%)]প্রদান করতে পারবে।



**Step 3: Money Receipt সংগ্রহ:**

একজন আবেদনকারী সঠিকভাবে আবেদন ফি **SSL payment Gateway** এর মাধ্যমে প্রদান করলে নির্ধারিত ওয়েবসাইট (admission.kuet.ac.bd)-এ “Applicant's Login” লিংকে ক্লিক করে Application No. এবং Password টি ব্যবহার করে Applicant’s Dashboard এ Login করতে হবে। এর পরে “Download Money Receipt” লিংকে ক্লিক করে টাকা গ্রহণের রশিদের PDF version-টি ডাউনলোড করে প্রিন্ট করে নিতে পারবে।

**Step 4: Admit Card সংগ্রহ:**

ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের পর (২০ ডিসেম্বর, ২০২৫ ইং তারিখ, আবেদনকারী নিজ দায়িত্বে দেখে নিবে)। টাকা জমা দেবার ২য় ধাপ সম্পন্ন করে একজন যোগ্য আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট (admission.kuet.ac.bd) হতে Admit Card সংগ্রহ করার জন্য প্রাপ্ত Application No. এবং Password টি ব্যবহার করে Applicant’s Dashboard এ Login করতে হবে এবং “Download Admit Card”-এ ক্লিক করার পর Admit Card এর PDF version টি পাওয়া যাবে, যা A4 সাইজের ৮০ গ্রাম অফসেট কাগজে প্রিন্ট (রঙ্গিন) করে সংরক্ষণ করতে হবে। **উল্লেখ্য, প্রবেশপত্র (Admit Card) ব্যতিত কোন আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

**বিশেষ দ্রষ্টব্যঃ**

- অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল করা হবে। আবেদনপত্রে প্রদত্ত বিবরণ ভুল বা অসত্য প্রমাণিত হলেও প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- Online Form পূরণ করার ক্ষেত্রে কোন সমস্যায় **01799273655 / 01714087284/ 01714087339 নম্বরে অফিস** চলাকালীন সময়ে (সকাল ৯-০০টা থেকে বিকাল ৫-০০টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে।
- ভর্তি সংক্রান্ত যে কোন প্রয়োজনে admission@kuet.ac.bd--ত e-mail করা যেতে পারে।

বিশেষ দৃষ্টি আকর্ষণ

- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ এবং ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংরক্ষণ পূর্বক Application No. ও ভর্তি পরীক্ষার রোল নং অবশ্যই মনে রাখতে হবে।
- **যে কোন প্রকার ব্লু-টুথ বা টেলিযোগাযোগ সুবিধা সম্বলিত মোবাইল বা যন্ত্র (Device) পরীক্ষার হলে নিয়ে আসা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।**
- সর্বোচ্চ ০২ টি ক্যালকুলেটর পরীক্ষার হলে ব্যবহার করা যাবে। অনুমোদিত ক্যালকুলেটর এর তালিকা ওয়েবসাইটে দেয়া আছে যার মধ্য থেকেই ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
- বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তিকে ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে।
- ভর্তির দিন বিভাগ পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। ভর্তি প্রক্রিয়া বন্ধ না হওয়া পর্যন্ত সিট খালি থাকা সাপেক্ষে প্রার্থীর বিভাগ পছন্দের ক্রমানুসারে মেধানুযায়ী বিভাগ পরিবর্তন (Auto Migration) চলতে থাকবে। তবে কোন ছাত্র/ছাত্রী ইচ্ছা করলে লিখিত আবেদনের মাধ্যমে Auto Migration বন্ধ করতে পারবে।
- ভর্তি এবং ক্লাস আরম্ভ হওয়া সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি ছাত্র/ছাত্রীবৃন্দকে নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট থেকে জেনে নিতে হবে।
- ভর্তির জন্য কোন নির্বাচিত প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির যোগ্যতা বাতিল হয়ে যাবে।
- **বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্স অনুযায়ী ১ম বর্ষে ভর্তি হওয়া কোন ছাত্র ক্লাশ শুরু হওয়ার পর একাদিক্রমে দুই সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।**
- ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।



**(প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ)**
সভাপতি, ভর্তি কমিটি (২০২৫-২০২৬)
১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক প্রোগ্রাম
ও
ডীন, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ।